একই স্মারক ও তারিখের স্থলাভিষিক্ত
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা ভূমি অফিস
বাঘা, রাজশাহী
www.acl.bagha.rajshahi.gov.bd

স্মারক নং ঃ ০৫.৪৩.৮১.৫৩.০০০.০৩.০০১.২০২০- ৭৬ তারিখ ঃ ২৩ /০২/২০২২ খ্রি.

**বাঘা উপজেলাধীন ২০ একর পর্যন্ত বদ্ধ সরকারি জলমহাল ইজারা প্রদানের লক্ষ্যে আবেদন আহ্বানের বিজ্ঞপ্তি**

এতদ্বারা নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি ও মৎস্যজীবী সংগঠনের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সরকারী জলমহাল ব্যবস্থাপনা নীতিমালা, ২০০৯ (সংশোধিত) অনুয়ায়ী রাজশাহী জেলার বাঘা উপজেলাধীন ২০ একর পর্যন্ত বদ্ধ সরকারি জলমহাল (পুকুর/জলাশয়) ১৪২৯ হতে ১৪৩১ বাংলা সন পর্যন্ত ০৩ (তিন) বছর মেয়াদে ইজারা বন্দোবস্ত প্রদানের লক্ষ্যে অনলাইনে আবেদন আহব্বান করা যাচ্ছে। আগামী ১০ ফাল্গুন থেকে ১৫ ফাল্গুন (২৩/০২/২০২২ হতে ২৮/০২/২০২২ খ্রি. ) পর্যন্ত ভূমি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে jm.lams.gov.bd লিংকে রেজিস্ট্রেশন সম্পন্ন করে অনলাইনে জলমহাল ইজারার আবেদন করতে হবে (এ সংক্রান্ত নির্দেশিকা অনলাইনে আপলোড করা হয়েছে)। অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্ট কপি, জামানত বাবদ ২০ % হিসেবে প্রদত্ত বিডি/পে-অর্ডারের মূল কপি ও আবেদন ফি বাবদ উপজেলা নির্বাহী অফিসার, বাঘা, রাজশাহী এর অনুকূলে ৫০০/- (পাঁচশত) টাকার (অফেরতযোগ্য) পে-অর্ডার/ব্যাংক ড্রাফট/১-৪৬৩১-০০০০-১২৬১নং কোডে চালান এর মূল কপি সীলগালা মুখবন্ধ খামে ১৬ ফাল্গুন থেকে পরবর্তী ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে (অফিস চলাকালীন সময়ে) দাখিল করতে হবে। ভুল/ মিথ্যা তথ্য সম্বলিত এবং অসম্পূর্ন আবেদন বিবেচনা যোগ্য নয়। সরকারি জলমহাল ব্যবস্থপনা নীতিমালা-২০০৯ ও ভূমি মন্ত্রণালয় থেকে অনলাইনে ইজারা প্রদান বিষয়ে সর্বশেষ জারীকৃত প্রজ্ঞাপন অনুসারে ইজারা কার্যক্রম পরিচালিত হবে এবং এ সংক্রান্ত বিস্তারিত তথ্যাদি উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, বাঘা, রাজশাহী ও উপজেলা ভূমি অফিস, বাঘা, রাজশাহী হতে অফিস চলাকালীন সময়ে দেখা ও জানা যাবে।

প্রকাশ থাকে যে অনুমোদিত তালিকায় ইজারাযোগ্য জলমহাল সংযোজন বা বিয়োজন হতে পারে।

ক্যালেন্ডার ও সময়সূচী

| ক্রমিক নং | তারিখ | গৃহীত কার্যক্রম |
|---|---|---|
| ১. | ১০ থেকে ২৫ ফাল্গুনের মধ্যে | অনলাইনে আবেদন দাখিল |
| ২. | ২৬ ফাল্গুন থেকে পরবর্তী ৩ (তিন) কার্যদিবসের মধ্যে | অনলাইনে দাখিলকৃত আবেদন প্রিন্টেড কপি ও জামানাতের মূলকপি সীলগালা মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিল( আবেদনপত্রের সাথে সংগঠন/ সমিতির নির্বাচিত কমিটি, গঠনতন্ত্রের কপি, ব্যাংক অ্যাকাউন্টের হিসাব বিবরণী ও লেনদেন সংক্রান্ত প্রত্যয়নপত্র, সমিতির সভাপতি/ সাধারণ সম্পাদকের জাতীয় পরিচয়পত্র এবং মোবাইল নম্বরসহ) |
| ৩. | ০৫ চৈত্রের মধ্যে | অনলাইনে প্রাপ্ত আবেদনসমূহ এরবং দাখিলকৃত প্রিন্টেড কপি যাচাই- বাছাই |
| ৪. | ১০ চৈত্রের মধ্যে | উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সভায় উপস্থাপন |
| ৫. | ১৫ চৈত্রের মধ্যে | ইজারা অনুমোদনের জন্য জেলা প্রশাসক বরাবর প্রেরণ এবং জেলা প্রশাসন কর্তৃক অনুমোদন |
| ৬. | ২০ চৈত্রের মধ্যে | উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক ইজারাদেশ প্রদান ও ইজারা গ্রহীতাকে অবহিতকরণ |
| ৭. | ১৫ চৈত্রের মধ্যে | ইজারা গ্রহীতা কর্তৃক নির্ধারিত কোডে ইজারা মূল্য জমা প্রদান এবং ইজারা গ্রহীতারসাথে ইজারা চুক্তি সম্পাদন |
| ৮. | ০১ বৈশাখ মধ্যে | ইজারা গ্রহীতাকে জলমহালের দখল বুঝিয়ে দেয়া |

**শর্তাবলী ঃ**

০১। সরকারী জলমহাল ব্যবস্থাপনা নীতি-২০০৯ ও সংশোধিত গেজেট অনুযায়ী ইজারা সংক্রান্ত যাবতীয় শর্ত প্রযোজ্য হবে।

০২। নির্দিষ্ট যে জলমহালের জন্য আবেদন করা হবে, উক্ত জলমহাল ব্যতীত অন্য জলমহালের জন্য তা ব্যবহার করা যাবে না।

০৩। সরকারী জলমহাল ব্যবস্থাপনা নীতি-২০০৯ ও সংশোধিত গেজেট অনুযায়ী শুধুমাত্র নিবন্ধনকৃত প্রকৃত মৎস্যজীবি সমবায় সমিতি ও একক সমিতির অনুকূলে ইজারা বন্দোবস্ত প্রদান করা হবে। অনিবন্ধনকৃত কোন সমিতি/সংগঠন আবেদন করতে পারবেনা।

০৪। সমিতিতে প্রকৃত মৎস্যজীবি ব্যতীত অন্য কোন সদস্য থাকলে বা কার্যনির্বাহী কমিটিতে যদি এমন কোন সদস্য থাকেন যিনি প্রকৃত মৎস্যজীবি নহেন তাহলে উক্ত সমিতি আবেদনের যোগ্য হবে না। আবেদনকারী সমিতির সকল সদস্য প্রকৃত মৎস্যজীবি কি-না এবং নিবন্ধনকৃত কি-না তা জেলা/উপজেলা মৎস্য কর্মকর্তা কর্তৃক প্রত্যয়ন পত্র সংগ্রহ করে আবেদনের সাথে দাখিল করতে হবে।

০৫। কোন মৎস্যজীবি সমবায় সমিতি /সংগঠন/সমিতি দুটির অধিক জলমহাল ইজারা/বন্দোবস্ত পাবেনা।

০৬। ইজারার মেয়াদ বাংলা ১৪২৯ সনের ১ বৈশাখ হতে বাংলা ১৪৩১ সনের ৩০ চৈত্র পর্যন্ত সময়ের জন্য বলবৎ থাকবে। আবেদন ফরম বিক্রয় বা জমাদানের নির্ধারিত তারিখে কোন কারণে যদি সরকারী ছুটি ঘোষণা করা হয় তবে ছুটির পরদিন আবেদন বিক্রি বা গ্রহণের তারিখ ও সময়সূচী প্রযোজ্য হবে।

০৭। সংশ্লিষ্ট জলমহালের নিকটবর্তী/তীরবর্তী নিবন্ধিত মৎস্যজীবি সংগঠন/সমিতি প্রয়োজনীয় যোগ্যতা সাপেক্ষে অগ্রাধিকার পাবে। আবেদনকারীকে উপজেলা নির্বাহী অফিসার, বাঘা, রাজশাহীর অনুকূলে ০৩ বছরের উদ্ধৃত মূল্যের উপর ২০% অর্থ জামানত বাবদ সোনালী ব্যাংক লিঃ, বাঘা শাখা হতে বিডি/ পে-অর্ডার/ আবেদনপত্রের সহিত দাখিল করতে হবে এবং বিডি এর সাথে ১০/-টাকার রাজস্ব টিকিট (বিডি কালেকশন ফিস) বাবদ জমা দিতে হবে। প্রত্যেক দরপত্র দাতাকে দরপত্রের সাথে ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের ফটো সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানের নিকট হতে সত্যায়িত করে সংযুক্ত করতে হবে। উক্ত জামানতের ২০% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে।

০৮। সিদ্ধান্ত গৃহীত হওয়ার ১৫ (পনের) দিনের মধ্যে ইজারা মূল্য পরিশোধ করতে হবে। অন্যথায় দাখিলকৃত জামানত সরকারের অনুকূলে স্বয়ংক্রিয়ভাবে বাজেয়াপ্ত হবে এবং জলমহাল পুনরায় ইজারা দেওয়া হবে।

০৯। ০৩ (তিন) বছর মেয়াদী ইজারা মূল্য বাংলা বছর ভিত্তিতে পরিশোধ করতে হবে। ২য় বছরের সম্পূর্ণ ইজারা মূল্য ১ম বছরের ১৫ই চৈত্রের মধ্যে পরিশোধ করতে হবে। পরবর্তী সময়ের ইজারা মূল্য একইভাবে পূর্ববর্তী বছরের ১৫ই চৈত্রের মধ্যে পরিশোধ করতে হবে। যুক্তি সংগত কারণ ব্যতীত সমুদয় ইজারা মূল্য পরিশোধে ব্যর্থ হলে ইজারা বাতিল করা হবে এবং জামানতের অর্থ সরকারের অনুকূলে বাজেয়াপ্ত করা হবে। ইজারা অর্থ আংশিক বা কিস্তিতে পরিশোধ করা যাবে না।

১০। আবেদনে গৃহীত ইজারা মূল্য ০৩ (তিন) বছর অপরিবর্তিত থাকবে। নির্ধারিত তারিখের মধ্যে জলমহালগুলো সরেজমিনে পরিদর্শন করে প্রকৃত অবস্থা সঠিকভাবে জেনে আবেদন দাখিল করতে হবে। উক্ত বিষয়ে পরবর্তীতে কোন আপত্তি গ্রহণযোগ্য হবে না।

১১। ইজারা প্রদত্ত জলমহালের সম্পূর্ণ অর্থ পরিশোধ করার ০৭ (সাত) দিনের মধ্যে আবেদনকারীকে নিজ দায়িত্বে ৩০০/- টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে ইজারা প্রদানকারী কর্তপক্ষের সাথে চুক্তি নামা সম্পাদন এবং সংশ্লিষ্ট ইউনিয়ন ভূমি অফিস হতে আনুষ্ঠানিকভাবে জলমহালের দখল গ্রহণ করতে হবে

১২। উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক দরপত্র চুড়ান্ত ভাবে অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গণ্য হবে।

১৩। ইজারাদার কর্তৃক কোন অবস্থাতেই ইজারাকৃত জলমহালের সম্পূর্ণ বা আংশিক কাহারও নিকট হস্তান্তর বা সাব লীজ প্রদান করা যাবে না। অনুরুপ অভিযোগ প্রমানিণত হলে ইজারা বাতিল করা হবে এবং জামানত সহ জমাকৃত ইজারা মূল্য সরকারের অনুকূলে বাজেয়াপ্ত হবে। ঐ ইজারা গ্রহীতা/সমিতি পরবর্তী ০৩ (তিন) বছর কোন জলমহালের ইজারা সংক্রান্ত কোন আবেদন করতে পারবে না।

১৪। কোন সমিতি উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্তের রিরুদ্ধে সংক্ষুব্ধ হলে ও আবেদনকারী সমিতি যদি জামানতের অর্থ ফেরৎ না নিয়ে থাকেন তবে ০৭(সাত) কর্ম দিবসের মধ্যে জেলা প্রশাসক, রাজশাহী মহোদয়ের নিকট আপীল দায়ের করতে পারবেন।

১৪। আবেদন গৃহীত হলে দরদাতাকে ইজারামূল্য ১-৪৬৩১-০০০০-১২৬১ নং কোডে, ইজারা মূল্যের উপর ১৫% ভ্যাট ১-১১৩৩-০০২০-০৩১১ নং কোডে এবং ১০% আয়কর ১-১১৪১-০০৬০-০১১১ নম্বর কোডে চালানের মাধ্যমে জমা দিয়ে কপি দাখিল করতে হবে।

১৬। সায়রাতমহাল ইজারার ক্ষেত্রে যাবতীয় সরকারী নীতিমালা জারী হলে তা ইজারাদারের জন্য মেনে চলা বাধ্যতামূলক।

১৭। ইজারা প্রদানে বিলম্বের দরুন ইজারা অর্থ আংশিক বা হারাহারিভাবে প্রদেয় হবে না। অথবা খাসে আদায়কৃত অর্থও ইজারাদারকে প্রদান করা হবে না। আবেদন পত্রের খামে সায়রাত মহলের নাম ও ক্রমিক নং উল্লেখ করতে হবে।

১৮। মাছ ধরার ক্ষেত্রে বিদ্যমান এবং সময় সময় জারীকৃত বিধি বিধান অনুসরণ ইজারাদারের জন্য বাধ্যতামূলক হবে।

১৯। সরকারী জলমহাল ব্যবস্থাপনা নীতি-২০০৯, অনুয়াযী অন্যান্য শর্ত প্রযোজ্য হবে।

২০। কোন মৎস্যজীবি সমবায় সমিতি/ সংগঠন/সমিতি একই বছরে দ'টির অধিক জলমহাল ইজারা / বন্দোবস্ত পাবে না।

২১। ইজারা প্রদানকারী কর্তৃপক্ষ ৩০ দিনের নোটিশ প্রদান করে ইজারা বাতিল করার সর্বময় ক্ষমতা সংরক্ষণ করে।

২২। ইজারা প্রদানকারী কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যাতিরেকে যে কোন আবেদনপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করে।

(পাপিয়া সুলতানা)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা ও বন্দোবস্ত কমিটি
বাঘা, রাজশাহী
ফোন নং-০৭২৩৩-৫৬০০২

স্মারক নং ঃ ০৫.৪৩.৮১.৫৩.০০০.০৩.০০১.২০২০- ৭৬ তারিখ ঃ ২৩ /০২/২০২২ খ্রি.

**অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো ঃ**

০১। মাননীয় প্রতিমন্ত্রী, রাজশাহী-৬ (বাঘা-চারঘাট) ও উপদেষ্টা-০১, উপজেলা জলমহাল ব্যবস্থাপনা ও বন্দোবস্ত কমিটি, বাঘা, রাজশাহী।
০২। জেলা প্রশাসক, রাজশাহী ।
০৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপদেষ্টা-২, উপজেলা জলমহাল ব্যবস্থাপনা ও বন্দোবস্ত কমিটি, বাঘা, রাজশাহী।
০৪। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), রাজশাহী।

**অনুলিপি অবগতি ও ব্যপক প্রচারের জন্য প্রেরণ করা হলো ঃ**

০৫। মেয়র, বাঘা পৌরসভা, রাজশাহী।
০৬। মেয়র, আড়ানী পৌরসভা, রাজশাহী
০৬। উপজেলা নির্বাহী অফিসার,..........................................................................................(সকল), রাজশাহী।
০৭। সহকারী কমিশনার (ভূমি)...................................................................(সকল), রাজশাহী।
০৮। উপজেলা ........................................অফিসার................................রাজশাহী। তাকে খাস পুকুর ইজারা বিজ্ঞপ্তি তার কার্যালয়ের নোটিশ বোর্ডে টাঙ্গিয়ে ব্যপক প্রচারের জন্য অনুরোধ করা হলো।
০৯। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী। বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ জানানো হলো।
১০। চেয়ারম্যান, পাকুড়িয়া/মনিগ্রাম/বাজুবাঘা/চকরাজাপুর/গড়গড়ি/বাউসা/আড়ানী ইউ.পি, বাঘা, রাজশাহী। তাকে খাস পুকুরের ইজারা বিজ্ঞপ্তি তার ইউনিয়নে ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো।
১১। জনাব.................................................... . . ..............সদস্য, উপজেলা জলমহাল ব্যবস্থাপনা ও বন্দোবস্ত কমিটি, বাঘা, রাজশাহী।
১২। সম্পাদক, দৈনিক .......................... . পত্রিকার ভিতরের পাতায় ৮" x ৬" সাইজে স্বল্প পরিসরে একদিন প্রকাশ করতঃ পত্রিকার বিল প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
১৩। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, রুইমারী/আড়ানী/মীরগঞ্জ/ ইউনিয়ন ভূমি অফিস, বাঘা, রাজশাহী। তাকে খাস পুকুরের ইজারা বিজ্ঞপ্তিটি ঢোল সহরতের মাধ্যমে ব্যাপক প্রচারের জন্য এবং জারীর প্রতিবেদন এ কার্যালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
১৪। নোটিশ বোর্ড।
১৫। অফিস নথি।

(পাপিয়া সুলতানা)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সহকারী কমিশনার (ভূমি) (অঃ দাঃ)
সদস্য সচিব
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা ও বন্দোবস্ত কমিটি
ফোন নং-০৭২২৩-৫৬০০২